



জেএসসি পরীক্ষা শুরু হয়েছে। গতকাল সাধারণ একটি কেন্দ্রের ছবি

-সংবাদ

## জেএসসি পরীক্ষা

# প্রথম দিন অনুপস্থিত ৬০ হাজার ৮৯৩ জন : বহিকার ১৫

### নিম্নোক্ত পরিবেশক

অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসার জুনিয়র দার্শন সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষার প্রথম দিনেই ৬০ হাজার ৮৯৩ পরীক্ষার্থী কেন্দ্রে অনুপস্থিত ছিল। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৫ জন পরীক্ষার্থীকে বহিকার করা হয়েছে।

পরীক্ষাকে নির্বিশ্বল করতে পরীক্ষার শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করানো, শুধুমাত্র কেন্দ্র সচিব ছাড়া মোবাইল (ছবি তোলা যায় এ ধরনের) নিয়ে কেন্দ্র প্রবেশ না করাসহ ১০ দফা নির্দেশনা দিয়েছে শিক্ষাবোর্ডগুলো।

গতকাল সারাদেশে সাধারণ ৮টি শিক্ষাবোর্ড ও মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে এই পরীক্ষা শুরু হয়। প্রথমদিন জেএসসিতে বাংলা প্রথমপত্র এবং জেডিসিতে কোরান মাজিদ পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম পরীক্ষায় বহিকৃত শিক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডের চারজন, যশোরের দুজন ও মাদ্রাসা বোর্ডের ৯ জন।

এবার দুই পরীক্ষায় সারাদেশের ২৪ লাখ ৬৮ হাজার

৮২০ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। ১৮ নভেম্বর পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। আটটি সাধারণ শিক্ষা বোর্ড ও মাদ্রাসা বোর্ডের অধীনে এই পরীক্ষায় ২৮ হাজার ৮২৮টি প্রতিষ্ঠানের শিক্ষার্থী ২ হাজার ৮৩৪টি কেন্দ্রে অংশ নিচ্ছে।

এবার জেএসসি ও জেডিসির ২৪ লাখ ৬৮ হাজার ৮২০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩ লাখ ২৪ হাজার ৪২ জন ছাত্রী এবং ১১ লাখ ৪৪ হাজার ৭৭৮ জন ছাত্র। এর মধ্যে আট শিক্ষা বোর্ডের অধীনে জেএসসিতে পরীক্ষার্থী ২০ লাখ ৯০ হাজার ২৭৭ জন এবং মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসিতে ৩ লাখ ৭৮ হাজার ৫৪৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

গত বছর এ পরীক্ষায় ২৪ লাখ ১২ হাজার ৭৭৫ জন অংশ নিয়েছিল। এবার পরীক্ষার্থী বেড়েছে ৫৬ হাজার ৪৫ জন। এছাড়া জেএসসিতে ৯৬ হাজার ২১২ জন এবং জেডিসিতে ১৪ হাজার ৩৬৭ জন অনিয়মিত পরীক্ষার্থীও পরীক্ষায় অংশ নিচ্ছে।

গত বছর এক থেকে তিন বিষয়ে যারা অকৃতকার্য হয়েছিল তারাও এবার পরীক্ষা দিচ্ছে। এই সংখ্যা জেএসসিতে ৮৭ জেএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ৭

## জেএসসি : পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

হাজার ৬৯৭ জন এবং জেডিসিতে ১১ হাজার ৭৭০ জন। আর বিদেশের নয়টি কেন্দ্রে এবার ৬৫৯ জন শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

নৌকাড়ুবিতে আহত জেএসসি পরীক্ষার্থীর পরীক্ষা দিতে পারবে :

‘এদিকে নৌকাড়ুবির কারণে জেএসসি পরীক্ষার প্রথম দিনে অর্ধেক নিতে না পারা ব্রাক্ষণবাড়িয়ার নবীনগর উপজেলার প্রায় অর্ধশত পরীক্ষার্থী কের পরীক্ষায় অংশ নিতে পারবে। বিষয়টি মানবিক বিবেচনায় নিয়ে এসব পরীক্ষার্থীর জন্য ইতিবাচক সিদ্ধান্ত নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। অন্য বিষয়ের পরীক্ষা শেষে বিশেষ ব্যবস্থায় তাদের পরীক্ষা দেয়া হবে।’

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবের দায়িত্ব থাক মোহাম্মদ মহিউল্লাহ খান গতকাল সাংবাদিকদের বলেন, ‘নৌকাড়ুবির কারণে দুইজন পরীক্ষার্থী মারা গেছে এবং কয়েক জন নির্বোজ রয়েছে। এ ঘটনায় শিক্ষামন্ত্রীসহ মন্ত্রণালয়ের কর্মকর্তারা মর্মান্ত। আমরা সরকারের পক্ষ থেকে গভীর দুর্দশ প্রকাশ করছি। যারা মারা গেছে তাদের বিদেহী আজ্ঞার মাগফিরাত কামনা করছি।’

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘সাধারণত পরীক্ষায় অংশ না নিলে অনুপস্থিত ধরা হয়। দুর্ঘটনার কারণে যারা পরীক্ষায় অংশ নিতে পারেনি মানবিক কারণে তাদের ব্যাপারে বিশেষ বিবেচনা করা হবে।’

গতকাল কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবদুল খালেক বলেন, ‘নৌকাড়ুবির কারণে প্রথম দিনের (বাংলা প্রথম পত্র) পরীক্ষায় ১৮ জন অংশ নিতে পারেনি। বিষয়টি মন্ত্রণালয়কে জানানো হয়েছে।’

এ ব্যাপারে কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ বলেন, দুর্ঘটনার কারণে যারা পরীক্ষায় অংশ নিতে পারেনি তাদের বিষয়ে বোর্ড সিদ্ধান্ত নিতে পারে না। মন্ত্রণালয় যে সিদ্ধান্ত দেয় আমরা তা বাস্তবায়ন করব। মন্ত্রণালয়ের পরীক্ষা দেয়ার সিদ্ধান্ত দিলে অন্য পরীক্ষা শেষে আলাদা সেটের প্রয়োগ পরীক্ষা দেয়া হবে।’

গতকাল সকাল সাড়ে নটায় নবীনগর উপজেলায় কৃষ্ণনগর এলাকার পাগলা নদীতে একটি নৌকাড়ুবির ঘটনায় বীরগাঁও ইউনিয়নের বীরগাঁও উচ্চবিদ্যালয়ের দুইজন জেএসসি পরীক্ষার্থী নিহত হয়েছে। আরও অর্ধশতাব্দিক আহত হয়।